

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

কৃষি দপ্তরের উদ্যোগে ১৪ জন চাষীর মধ্যে
ট্রাক্টরমেশিন বিতরণ

এডিসি।স-১৩৪

খুমলুঙ, ০৭।১১।২০২৩ইং

আজ কৃষি দপ্তরের উদ্যোগে খুমলুঙস্থিত কৃষি ভবনে এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন কৃষি দপ্তরের নির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং। এছাড়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য দপ্তরের নির্বাহী সদস্য রাজেশ ত্রিপুরা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমডিসি গনেশ দেববর্মা। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিম জোন্যালের জয়েন্ট চেয়ারম্যান বিশ্বরাই দেববর্মা, সমাজসেবী হরেন্দ্র রিয়াং। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পশ্চিম জোন্যালের চেয়ারম্যান টনি দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন কৃষি দপ্তরের প্রধান আধিকারিক অলক কুমার দাস। আজ এডিসির কৃষি দপ্তরের উদ্যোগে চাষীদের মধ্যে ১৪টি ট্রাক্টরমেশিন বিতরণ করা হয়েছে। প্রতিটি ট্রাক্টর কেনার ক্ষেত্রে ভর্তুকী দেয়া হয়েছে ১ লক্ষ ২৫ হাজার টাকা করে। একথা জানিয়েছেন কৃষি দপ্তরের নির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং। তিনি আরও বলেন এডিসি পরিচালিত ৬টি কৃষি মহকুমা রয়েছে। আর্থিক সংকটের জন্য সকল চাষীদেরকে ট্রাক্টর দেয়া সম্ভব হচ্ছেনা। পরবর্তী সময়ে অন্যান্য চাষীদেরকে ট্রাক্টরমেশিন দেয়ার চেষ্টা করা হচ্ছে। রাজ্য সরকার বাজেট বরাদ্দ অর্থ সময় মত এডিসিকে মিটিয়ে দেয়, তাহলে উন্নয়ন কাজ করতে পারবে বলে আশা করেন তিনি।